গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭৯/২০১৯-২০২০

ঢাকা, ১৪ অক্টোবর সোমবার ২০১৯, ২৯ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। হাওর আর এখন পিছিয়েপড়া জনপদ নয় : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি
২। দুর্যোগ মোকাবিলায়ও বাংলাদেশ রোল মডেল : আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। বেলগ্রেডে আইপিইউ'র উইমেন ফোরামের সভায় স্পিকার
৪। স্পিকারের সঙ্গে ওম বিড়লার সৌজন্য সাক্ষাৎ : বাংলাদেশের উন্নয়ন ও মুজিববর্ষ নিয়ে আলোচনা
৫। বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষে সারাদেশে ১৪ হাজার মুক্তিযোদ্ধাকে পাকা ঘরবাড়ি নির্মাণ করে দেয়া হবে : জামালপুরে মুক্তিযুদ্ধমন্ত্রী
৬। শুদ্ধি অভিযানে অপকর্মকারীরা রেহাই পাবে না : রাজশাহীতে সেতুমন্ত্রী
৭। কৃষিপণ্য প্রক্রিয়াজাত করে রপ্তানি বাড়াতে হবে : কৃষিমন্ত্রী
৮। বুয়েট শিক্ষার্থী আবরার হত্যাকাণ্ড ন্যক্কারজনক ও নিন্দনীয় : সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী
৯। আবরারের ভাইকে নিরাপত্তা দিতে সরকার প্রস্তুত : আইনমন্ত্রী
১০। আবরার হত্যা নিয়ে মন্তব্য অনাকাঙ্ক্ষিত : জাতিসংঘ প্রতিনিধিকে ডেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিক্রিয়া
১১। রোহিঙ্গা ফেরাতে এডিবির সহযোগিতা চাইলেন অর্থমন্ত্রী
১২। রাহিঙ্গা ক্যাম্পে কাঁটাতারের বেড়া বানাবে সেনাবাহিনী : কক্সবাজারে সেনাপ্রধান
১৩। জেএসসি পরীক্ষার জন্য ২২ দিন কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ কোচিংয়ের বিষয়ে আমাদের কঠোর হতে হবে : শিক্ষামন্ত্রী
১৪। কোনো শিল্পকারখানার শ্রমিকদের ছাঁটাই করলে পাওনা পরিশোধের আহ্বান শ্রম প্রতিমন্ত্রীর
১৫। দক্ষিণ এশিয়ায় বেশি প্রবৃদ্ধি হবে বাংলাদেশে : বিশ্বব্যাংকের প্রতিবেদন
১৬। বিশ্ব মান দিবস আজ

চলমান পাতা-২

১।	**হাওর আর এখন পিছিয়েপড়া জনপদ নয় : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ হাওর এলাকার সরকারি কর্মকর্তা থেকে শুরু করে শিক্ষকসহ সবাইকে সঠিক সময়ে কর্মস্থলে উপস্থিত হওয়ার আহ্বান জানিয়েছেন। শিক্ষকদের উদ্দেশে তিনি বলেন, শুধু জ্ঞান বিতরণ নয়, শিক্ষার্থীদের খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড ইত্যাদি বিষয়ে পারদর্শী করে তুলতে হবে। হাওরকে এখন আর পিছিয়েপড়া জনপদ বলা যাবে না। কিশোরগঞ্জে ইটনায় গতকাল (১৩ অক্টোবর রোববার) রাষ্ট্রপতি আবদুল হামিদ সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

২।	**দুর্যোগ মোকাবিলায়ও বাংলাদেশ রোল মডেল : আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ এখন কেবল উন্নয়নেই নয়, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায়ও বিশ্বে একটি রোল মডেল দেশ। গতকাল (১৩ অক্টোবর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি আরো বলেন, বন্যা, খরা, ঘূর্ণিঝড়, অগ্নিকাণ্ড এসবে ক্ষয়ক্ষতি যাতে হ্রাস পায়, তার জন্য যা ব্যবস্থা নেওয়ার, ইতোমধ্যে আমরা তা নিয়েছি, যা আন্তর্জাতিকভাবে প্রশংসিত হয়েছে এবং সবাই মনে করে এটাও বাংলাদেশের কাছ থেকে শেখার রয়েছে। অনেকে আমাদের কাছ থেকে এটা এখন জানতে চায়। অনুষ্ঠানে নবনির্মিত ১০০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র এবং ১১ হাজার ৬০৪টি 'দুর্যোগসহনীয় বাড়ি' উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৩।	**বেলগ্রেডে আইপিইউ'র উইমেন ফোরামের সভায় স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সার্বিয়ায় অনুষ্ঠিত ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) ১৪১তম অ্যাসেম্বলিতে 'ফোরাম অন উইমেন পার্লামেন্টারিয়ানস' সভায় অংশ নিয়েছেন। গতকাল (১৩ অক্টোবর রোববার) বেলগ্রেডের সাভা সেন্টারে ফোরাম অভ্ উইমেন পার্লামেন্টারিয়ানের সভাপতি সার্বিয়ার ডেপুটি স্পিকার গরদানা টামিচের সভাপতিত্বে আইপিইউ সভা অনুষ্ঠিত হচ্ছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর নেতৃত্বে ফোরাম সভায় বাংলাদেশ সংসদীয় প্রতিনিধিদল অংশগ্রহণ করে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

৪।	**স্পিকারের সঙ্গে ওম বিড়লার সৌজন্য সাক্ষাৎ : বাংলাদেশের উন্নয়ন ও মুজিববর্ষ নিয়ে আলোচনা**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে ভারতের লোকসভায় স্পিকার ওম বিড়লা সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল (১৩ অক্টোবর রোববার) সার্বিয়ার বেলগ্রেডে ১৪১তম ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (আইপিইউ) এর ভেন্যু সাভা সেন্টারে সাক্ষাৎকালে তাঁরা দ্বিপক্ষীয় স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়, সংসদীয় চর্চা, ব্যবসা-বাণিজ্য, বাংলাদেশের উন্নয়ন ও মুজিববর্ষ উদ্‌যাপন বিষয়ে আলোচনা করেন। এ সময় স্পিকার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের মাধ্যমে ভবিষ্যতে ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আরও শক্তিশালী হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

৫।	**বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষে সারাদেশে ১৪ হাজার মুক্তিযোদ্ধাকে পাকা ঘরবাড়ি নির্মাণ করে দেয়া হবে : জামালপুরে মুক্তিযুদ্ধমন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, স্বাধীনতাবিরোধী রাজাকার ও বিতর্কিত ব্যাক্তিরা মুক্তিযোদ্ধা তালিকায় থাকতে পারবেন না। যদি এ ধরনের কোনো অভিযাগ পাওয়া যায়, তাদেরকে বাদ দিয়েই তালিকা তৈরি করে ডিজিটাল পরিচয়পত্র দেয়া হবে। গতকাল (১৩ অক্টোবর রোববার) জামালপুরের ইসলামপুর কলেজ মাঠে মুক্তিযোদ্ধা ও জনতা সমাবেশ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষে সারাদেশে ১৪ হাজার মুক্তিযোদ্ধাকে পাকা ঘরবাড়ি নির্মাণ করে দেয়া হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

৬। **শুদ্ধি অভিযানে অপকর্মকারীরা রেহাই পাবে না : রাজশাহীতে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অ্যাকশন শুরু হয়ে গেছে। এ অ্যাকশনের টার্গেট থেকে কোনো অপকর্মকারীরা রেহাই পাবে না। মাদকবাজ, ভূমিদস্যু, টেন্ডারবাজ, সন্ত্রাসী, চাঁদাবাজ ও জুয়াড়িরা কেউ ছাড় পাবে না। গতকাল (১৩ অক্টোবর রোববার) রাজশাহী শিল্পকলা একাডেমি মিলনায়তনে বিভাগীয় প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৭। **কৃষিপণ্য প্রক্রিয়াজাত করে রপ্তানি বাড়াতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন,বর্তমানে কৃষি শ্রমিকরা যে পারিশ্রমিক পান তা দিয়ে তাদের জীবন নির্বাহ কষ্টকর। এ জন্য কৃষির আধুনিকায়ন ও বাণিজ্যিকীকরণই কৃষকদের আশার আলো দেখাচ্ছে। অপ্রচলিত অধিক মূল্যের ফসল উৎপাদন বাড়াতে হবে। সেসঙ্গে কৃষিপণ্য প্রক্রিয়াজাত করে রপ্তানি বাড়াতে হবে। গতকাল (১৩ অক্টোবর রোববার) রাজধানীর মতিঝিলে বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

৮। **বুয়েট শিক্ষার্থী আবরার হত্যাকাণ্ড ন্যক্কারজনক ও নিন্দনীয় : সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ড ন্যক্কারজনক ও নিন্দনীয়। হত্যার বিচারের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনও যৌক্তিক। শিক্ষার্থীদের সব দাবি মেনে নেওয়া হয়েছে, যা বাংলাদেশের ইতিহাসে প্রথম। এরপরও ছাত্রদের আবেগ-অনুভূতি কাজে লাগিয়ে একটি মহল ফায়দা লুটতে চায়। কেউ যাতে এ আন্দোলনকে অন্যদিকে নিতে না পারে, সেজন্য শিক্ষার্থীদের সতর্ক থাকতে হবে। গতকাল (১৩ অক্টোবর রোববার) সচিবালয়ে নিজ দপ্তরে প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৯। **আবরারের ভাইকে নিরাপত্তা দিতে সরকার প্রস্তুত : আইনমন্ত্রী**

হত্যার শিকার বুয়েট শিক্ষার্থী আবরারের ছোট ভাইকে নিরাপত্তা দিতে সরকার প্রস্তুত বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, সে যদি মনে করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিরাপত্তা দরকার, নিশ্চয়ই সরকার সেটা ভেবে দেখবে। গতকাল (১৩ অক্টোবর রোববার) রাজধানীর শিশু একাডেমি মিলনায়তনে শিশু সংলাপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। জাতিসংঘ শিশু অধিকার সনদের ৩০ বছর পূর্তি ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে এ সংলাপের আয়োজন করা হয়। আইনমন্ত্রী বলেন, আবরার হত্যাকাণ্ড অত্যন্ত মর্মান্তিক। আমাদের সমাজে এটা হওয়া উচিত নয়। এটা যাতে আর না হয়, সে রকম বিচারিক ব্যবস্থা সরকার নেবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

১০। **আবরার হত্যা নিয়ে মন্তব্য অনাকাঙ্ক্ষিত : জাতিসংঘ প্রতিনিধিকে ডেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিক্রিয়া**

বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যাকাণ্ড নিয়ে বাংলাদেশে জাতিসংঘ অফিসের দেওয়া বিবৃতির বিষয়ে সরকারের অসন্তোষের কথা জানানো হয়েছে। গতকাল (১৩ অক্টোবর রোববার) ঢাকায় জাতিসংঘের আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পোকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করে বাংলাদেশের অবস্থান তুলে ধরা হয়। সরকার মনে করে, জাতিসংঘ বাংলাদেশের গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার। আবরার হত্যাকাণ্ডের মতো বিষয়ে জাতিসংঘ প্রতিনিধির বিবৃতি দেওয়া অনভিপ্রেত ও অনাকাঙ্ক্ষিত। আবাসিক প্রতিনিধিকে তলব করে এ কথাই জানানো হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

**১১।	রোহিঙ্গা ফেরাতে এডিবির সহযোগিতা চাইলেন অর্থমন্ত্রী**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠীকে তাদের নিজ দেশে প্রত্যাবাসনের বিষয়ে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সহযোগিতা চেয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেছেন, বাংলাদেশের পক্ষে ১০ লাখ রোহিঙ্গাকে দীর্ঘদিন আশ্রয় দেওয়া সম্ভব নয়। এজন্য রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত যাওয়ার বিষয়ে এডিবি'র জোরালো ভূমিকা আশা করে বাংলাদেশ। গতকাল (১৩ অক্টোবর রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে এডিবি'র বোর্ড অব গভর্ন্যান্সের সফররত ছয় সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের অর্থমন্ত্রী এসব কথা বলেন। সফররত প্রতিনিধিদলের নেতা ইনচ্যাং সং বলেন,অতীতের মতো ভবিষ্যতেও বাংলাদেশকে এডিবি সব ধরনের সহযোগিতা করবে। এছাড়া রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে থাকবে এডিবি। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১২।	রাহিঙ্গা ক্যাম্পে কাঁটাতারের বেড়া বানাবে সেনাবাহিনী : কক্সবাজারে সেনাপ্রধান**

সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ বলেছেন, রোহিঙ্গা ক্যাম্প নিয়ন্ত্রণ নয়, শুধু কাঁটাতারের বেড়া নির্মাণ করবে সেনাবাহিনী। কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য এখন পরিকল্পনা চলছে। সেটি শেষ হলেই এ বেড়া নির্মাণের কাজ খুব শীঘ্রই শুরু করবে বাংলাদেশ সেনাবাহিনী। প্রধানমন্ত্রী সশস্ত্র বাহিনীর উন্নয়নে সব সময় আন্তরিক। তাঁর দিকনির্দেশনায় সেনাবাহিনীতে আধুনিকায়নের কাজ চলছে। তিনি গতকাল (১৩ অক্টোবর রোববার) কক্সবাজারের উখিয়ায় মেরিন ড্রাইভের নিদানিয়া এডি ফায়ারিং রেঞ্জ বাংলাদেশ সেনাবাহিনীতে সংযোজিত অরলিকন রাডার কন্ট্রোলড গানের পরীক্ষামূলক ফায়ারিং অনুষ্ঠান শেষে গণমাধ্যমের সঙ্গে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

**১৩।	জেএসসি পরীক্ষার জন্য ২২ দিন কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ**

**কোচিংয়ের বিষয়ে আমাদের কঠোর হতে হবে : শিক্ষামন্ত্রী**

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা উপলক্ষে ২৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত ২২ দিন কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জেএসসি-জেডিসি পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে জাতীয় নিরাপত্তা সংক্রান্ত কমিটির সভায় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে গতকাল (১৩ অক্টোবর রোববার) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ সভা অনুষ্ঠিত হয়। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, কোচিংয়ের বিষয়ে আমাদের কঠোর হতে হবে। পরীক্ষার সময় কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করা হলেও কেউ কেউ বাইরে তালা লাগিয়ে ভেতরে কোচিং করান। বৈঠকের পর শিক্ষামন্ত্রী বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে যেন প্রশ্নফাঁসের মতো কোনো ঘটনা অপরাধী চক্র ঘটাতে না পারে, সে ব্যাপারে আমাদের সব গোয়েন্দা সংস্থার নজরদারি রয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

**১৪।	কোনো শিল্পকারখানার শ্রমিকদের ছাঁটাই করলে পাওনা পরিশোধের আহ্বান শ্রম প্রতিমন্ত্রীর**

কোনো শিল্পকারখানার শ্রমিকদের সঙ্গত কারণে ছাঁটাই করতে হলে শ্রম আইন অনুযায়ী তাদের সব পাওনা পরিশোধ করতে মালিক কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান। নিয়োগপত্র, পরিচয়পত্রসহ শ্রম আইনে উল্লিখিত সব বিধি যথাযথভাবে অনুসরণেরও কথা বলেছেন তিনি। গতকাল (১৩ অক্টোবর রোববার) সাভারের হেমায়েতপুরে বিসিক চামড়া শিল্পনগরীতে ট্যানারি ওয়ার্কার্স ইউনিয়ন আয়োজিত শ্রমিক সমাবেশে এ আহ্বান জানান শ্রম প্রতিমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১)।

**১৫।	দক্ষিণ এশিয়ায় বেশি প্রবৃদ্ধি হবে বাংলাদেশে : বিশ্বব্যাংকের প্রতিবেদন**

আগামী দুই-এক বছর দক্ষিণ এশিয়ার অর্থনীতিতে কিছুটা মন্দাভাব থাকলেও প্রবৃদ্ধিতে প্রতিবেশি দেশগুলোর তুলনায় এগিয়ে থাকবে বাংলাদেশ। গতকাল (১৩ অক্টোবর রোববার) বিশ্বব্যাংকের প্রকাশিত 'সাউথ এশিয়া ইকোনমিক ফোকাস-২০১৯' শীর্ষক প্রতিবেদনে এসব পূর্বাভাস দেয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬)।

**১৬। বিশ্ব মান দিবস আজ**

আজ ১৪ অক্টোবর ৫০তম বিশ্ব মান দিবস। পণ্য এবং সেবার মানের বিষয়ে সচেতনতা তৈরিতে প্রতি বছর বিশ্বব্যাপী এ দিবসটি পালন করা হয়ে থাকে। এ বছর বিশ্ব মান দিবসের প্রতিপাদ্য 'ভিডিও মান বৈশ্বিক সম্প্রীতির বন্ধন'। এ উপলক্ষ্যে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ফেনীর ফুলগাজী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বেহাল দশার কথা উল্লেখ করে মফস্বলের স্বাস্থ্যসেবার এ ধরনের অবস্থা নিরসনে নজর দেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** সরকারি গুদামে ধান-চাল-গম কেনাকাটায় অনিয়ম ও দুর্নীতি বন্ধে 'কৃষক অ্যাপ' চালু করতে যাচ্ছে খাদ্য অধিদফতর উল্লেখ করে এটি দ্রুত বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** ব্যাংক পরিচালনায় অব্যবস্থাপনা, অদক্ষতা, অনিয়ম-দুর্নীতি, মন্দ ঋণ বৃদ্ধি সব মিলিয়ে এক ধরনের অস্থিরতা বিরাজ করছে ব্যাংকিং খাতে উল্লেখ করে ব্যাংকে শৃঙ্খলা ফেরাতে যথাযথ পদক্ষেপ কামনা।

ঘ. **সমকাল :** ৩০ লাখ মামলাজট ও বিচারপ্রার্থীদের ভোগান্তি কমাতে নিম্নআদালতে ১০০ সহকারী জজ নিয়োগ প্রক্রিয়া শুরু করেছে সরকার উল্লেখ করে এ পদক্ষেপ সময়োপযোগী বলে মতপ্রকাশ।

ঙ. **যায়যায়দিন :** পাটশিল্পের রপ্তানি আয়ের ইতিবাচক প্রবৃদ্ধি দেখা গেছে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে পাটশিল্পকে আরও এগিয়ে নেওয়ার পাশাপাশি চামড়াশিল্পের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** জাঙ্কফুড স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় শিশুদের এ ধরনের খাবার থেকে দূরে রাখার আহ্বান।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বিশ্ববিদ্যালয় হোক গবেষণার কেন্দ্রবিন্দু'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, জ্ঞানের আদান প্রদানের মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীদের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়গুলো হয়ে উঠবে মেধা চর্চার তীর্থস্থান।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা